তারিখ 17 AUG 2016

সংবাদ

# পুস্তক প্রকাশক সমিতির জঙ্গিবাদবিরোধী মানববন্ধন আজ

নিজস্ব বার্তা পরিবেশক

জঙ্গিবাদবিরোধী কর্মসূচির অংশ হিসেবে আজ সারাদেশে একযোগে মানববন্ধন কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছে বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি।

গতকাল ঢাকা রিপোর্টার্স ইউনিটির মিলনায়তনে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে সংগঠনের পক্ষ থেকে এ কর্মসূচি ঘোষণা করা হয়। সংবাদ সম্মেলনে জানানো হয়; ঢাকা কেন্দ্রীয় শহীদ মিনারসহ সারাদেশে সকাল-সাড়ে ১১টা থেকে বেলা সাড়ে ১২টা পর্যন্ত এ মানববন্ধন কর্মসূচি পালিত হবে। সংগঠনের অন্যান্য কর্মসূচি হলো ২০ আগস্ট জঙ্গিবাদের বিরুদ্ধে সিলেট বিভাগে সাংগঠনিক সফর। বিপথগামী তরুণ ও যুব সমাজের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে জঙ্গিবাদের বিরুদ্ধে বিভিন্ন প্রকাশনা প্রচার ও বাজারজাতকরণের ব্যবস্থা। ৬৪ জেলার সেরা স্কুলগুলোতে পর্যায়ক্রমে বই মেলার আয়োজন করা। এছাড়া, সংগঠনের পক্ষ থেকে সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে এবং বিভিন্ন পেশাজীবীদের সঙ্গে নিয়ে সচেতনতামূলক নানা অনুষ্ঠান, সভা, সেমিনার, কর্মশালা আয়োজন করা। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের সভাপতি মো. আরিফ হোসেন ছোটন। আরও উপস্থিত ছিলেন, বাংলাদেশ মুদ্রণ শিল্প সমিতির সভাপতি তোফায়েল খান, বাংলাদেশ পুস্তক বাঁধাই ব্যবসায়ী সমিতির সভাপতি মাহবুব আলম মল্লিক প্রমুখ। মো. আরিফ হোসেন ছোটন বলেন, ধর্মান্ধতা ও উগ্র মৌলবাদের উত্থানের কারণে সম্প্রতি কতিপয় যুবক পরিবার থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ছে। তাদের ধর্মের দোহাই দিয়ে অন্ধকারে ঠেলে দেয়া হচ্ছে। জীবনের প্রতি বিমুখ এসব তরুণরা জীবনকে উপলব্ধি করতে ব্যর্থ। তারা মানবিক বৈশিষ্ট্যের সম্পূর্ণ বিপরীতে অবস্থান নিয়েছে। ভয়ঙ্কর এ আগ্রাসন থেকে আমাদের যুব সমাজকে রক্ষা করতে হবে। তা না হলে সুখি সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলা সম্ভব হবে না।